গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ২৯.০০.০০০০.২২৩.২০.০১৩.২৪-২০৬ তারিখ: ২৮/১১/২০২৪ খ্রি.

প্রাপকঃ চেয়ারম্যান
বান্দরবান/রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

বিষয়ঃ বিশেষ প্রকল্প কর্মসুচি হতে খাদ্যশস্য বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর "পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান (২য় সংশোধিত) শীর্ষক" প্রকল্পের মেয়াদ শেষে ২য় পর্যায়ের প্রকল্প প্রস্তাব অনুমোদনের অন্তর্বর্তীকালীন "৪টি আবাসিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবনের ধারাবাহিকতা রক্ষা শীর্ষক" স্কিমভুক্ত ৪টি আবাসিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য খাদ্য সরবরাহ বাবদ বরাদ্দ প্রদানের নিমিত্ত ২০(বিশ) মে.টন খাদ্যশস্য (চাল) চেয়ারম্যান, বান্দরবান/রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ এর অনুকূলে নিম্নে বর্ণিত ছকে উল্লিখিত বরাদ্দ বিতরণের ক্ষমতা প্রদানের সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হলো।

ক্র. নং	বরাদ্দ প্রাপ্ত প্রতিষ্ঠান	বিদ্যালয়ের নাম	বরাদ্দের ধরণ	বরাদ্দের পরিমাণ চাল (মে.টন)
১	চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ	ম্রো আবাসিক উচ্চ বিদ্যালয়, বান্দরবান	ছাত্র-ছাত্রীদের জন্য খাদ্য সরবরাহ বাবদ	০৫ মে.টন
		রুমা উপজাতীয় আবাসিক উচ্চ বিদ্যালয় রুমা, বান্দরবান	ছাত্র-ছাত্রীদের জন্য খাদ্য সরবরাহ বাবদ	০৫ মে.টন
		আলীকদম আবাসিক উচ্চ বিদ্যালয় আলীকদম, বান্দবান	ছাত্র-ছাত্রীদের জন্য খাদ্য সরবরাহ বাবদ	০৫ মে.টন
২	চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ	রাজস্থলী উপজাতীয় আবাসিক উচ্চ বিদ্যালয় রাজস্থলী, রাঙ্গামাটি	ছাত্র-ছাত্রীদের জন্য খাদ্য সরবরাহ বাবদ	০৫ মে.টন
				২০ (বিশ) মে.টন

০২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ-১, শাখা-৩ এর ৩০/০৬/২০২৪ তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০০২৮.১৩(অ-২)-৯৮৩ নম্বর স্মারকমূলে ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেটে এ মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি, অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২২১০১ ত্রাণ কার্য চাল খাতে বরাদ্দকৃত খাদ্যশস্যের বিভাজন অনুযায়ি পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি এর "৪টি আবাসিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবনের ধারাবাহিকতা রক্ষা শীর্ষক" স্কিমভুক্ত ৪টি আবাসিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য খাদ্য সরবরাহ বাবদ বিশেষ প্রকল্প কর্মসূচি খাত হতে বহন করা হবে।

শর্তসমূহ:

১. বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) বান্দরবান/রাঙ্গামাটি পার্বত্য জেলার "৪টি আবাসিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবনের ধারাবাহিকতা রক্ষা শীর্ষক" স্কিমভুক্ত ৪টি আবাসিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য খাদ্য সরবরাহ বাবদ বিতরণের পরবর্তী অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

চলমান পাতা-০২

২. বরাদ্দকৃত খাদ্যশস্য ব্যবহারে বিশেষ প্রকল্প কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এই মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ গত ১৯/১০/২০০৬ তারিখে জারিকৃত নীতিমালার প্রতিটি শর্ত যথাযথভাবে অনুসরণ করার জন্য কাঠোর ভাবে নির্দেশনা প্রদান করা হলো।

৩. বরাদ্দকৃত খাদ্যশস্যের হিসাব নিরীক্ষার জন্য যথোপযুক্তভাবে সংরক্ষণ করতে হবে এবং খাদ্যশস্য ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৪. বরাদ্দকৃত খাদ্যশস্য স্থানীয় গুদাম হতে যথাসময়ে উত্তোলন করতে হবে;

(মালেকা পারভীন)
উপসচিব
ফোন-০২৫৫১০০১২৩

স্মারক নং- ২৯.০০.০০০০.২২৩.২০.০১৩.২৪-৯০১ তারিখ: ২৮/১১/২০২৪ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সমন্বয়), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৫. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
৬. মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দবান/রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
৭. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান/রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১০. সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১১. অফিস কপি।

২৮/১১/২০২৪
(মালেকা পারভীন)
উপসচিব